গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়
নগর উন্নয়ন অধিদপ্তর
৮২, সেগুনবাগিচা ঢাকা

**নগর উন্নয়ন অধিদপ্তরের রিসার্চ ফেলোশিপ আবেদন নির্দেশিকা**

গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় এর আওতাধীন নগর উন্নয়ন অধিদপ্তর জাতীয় স্থানিক পরিকল্পনা প্রণয়নকারী সরকারি সংস্থা। স্থানিক পরিকল্পনা প্রণয়নের ক্ষেত্রে তরুণ গবেষকদের মেধা-মনন কাজে লাগিয়ে গবেষণা করার লক্ষ্যে নগর উন্নয়ন অধিদপ্তরের রাজস্ব বাজেটের আওতায় গবেষণা খাতের বরাদ্দ হতে অস্থায়ী ভিত্তিতে নিম্নবর্ণিত ফেলোশিপ প্রদান করা হবে:

| ক্রমিক নং | ফেলোশিপ ক্যাটাগরি | ফেলোশিপের সংখ্যা | আবেদনকারীর ন্যূনতম বয়স | ফেলোশিপের পরিমাণ (মাসিক) |
|---|---|---|---|---|
| ১ | রিসার্চ এসোসিয়েট | ১০ জন | ২৪ বছর | সর্বসাকুল্যে ৪০,০০০/- টাকা (চল্লিশ হাজার টাকা) |
| ২ | জুনিয়র রিসার্চ এসোসিয়েট | ১০ জন | ২০ বছর | সর্বসাকুল্যে ৩০,০০০/- টাকা (ত্রিশ হাজার টাকা) |

**নগর উন্নয়ন অধিদপ্তরের রিসার্চ ফেলোশিপ আবেদনের নিয়ম ও শর্তাবলী:**

**১। আবেদনকারীর যোগ্যতা:**

**ক) রিসার্চ এসোসিয়েট**

i. আবেদনকারীকে কোন স্বীকৃত দেশীয়/আন্তর্জাতিক বিশ্ববিদ্যালয় হতে (নগর ও অঞ্চল/গ্রামীণ পরিকল্পনা/সিভিল ইঞ্জিনিয়ারিং/আর্কিটেকচার/অর্থনীতি/সমাজবিজ্ঞান/সমাজকল্যাণ/পপুলেশন সাইন্স/লোক প্রশাসন/ভূগোল/পরিবেশ বিজ্ঞান/দুর্যোগ ব্যবস্থাপনা/ পরিসংখ্যান/উন্নয়ন অধ্যয়ন/স্থানীয় সরকার ও নগর উন্নয়ন/নৃ-বিজ্ঞান) অথবা সংশ্লিষ্ট অন্যান্য বিষয়ে ন্যূনতম স্নাতক ডিগ্রিধারী হতে হবে।
ii. ফেলোশিপের জন্য আবেদনকৃত বিষয়ে সুস্পষ্ট ধারণা থাকতে হবে।
iii. গবেষণা কর্মে অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থী অগ্রাধিকার পাবে।
iv. কমপক্ষে একটি মানসম্মত থিসিস পেপার/ কনফারেন্স পেপার/ রিসার্চ পেপার/ গবেষণা কর্ম থাকতে হবে।
v. আবেদনপত্রের সাথে ছবিসহ আবেদন ফরম, প্রয়োজনীয় প্রাতিষ্ঠানিক সনদ, থিসিস পেপার/ কনফারেন্স পেপার/ রিসার্চ পেপার/ গবেষণা কর্মের অনুলিপি , গবেষণা প্রস্তাবনা ফরম (সর্বোচ্চ ১০০০ শব্দ) প্রেরণ করতে হবে।

**খ) জুনিয়র রিসার্চ এসোসিয়েট**

i. আবেদনকারীকে কোন স্বীকৃত দেশীয়/আন্তর্জাতিক বিশ্ববিদ্যালয় হতে (নগর ও অঞ্চল/গ্রামীণ পরিকল্পনা/সিভিল ইঞ্জিনিয়ারিং/আর্কিটেকচার/অর্থনীতি/সমাজবিজ্ঞান/সমাজকল্যাণ/পপুলেশন সাইন্স/লোক প্রশাসন/ভূগোল/পরিবেশ বিজ্ঞান/দুর্যোগ ব্যবস্থাপনা/ পরিসংখ্যান/উন্নয়ন অধ্যয়ন/স্থানীয় সরকার ও নগর উন্নয়ন/নৃ-বিজ্ঞান) অথবা সংশ্লিষ্ট অন্যান্য বিষয়ে ন্যূনতম স্নাতক পর্যায়ে অধ্যয়নরত হতে হবে।
ii. গবেষণাকর্মের বিষয়ে প্রাথমিক ধারণা থাকতে হবে।
iii. আবেদনপত্রের সাথে ছবিসহ আবেদন ফরম, প্রয়োজনীয় প্রাতিষ্ঠানিক সনদ, স্নাতক অধ্যয়নরত শিক্ষার্থীদের ক্ষেত্রে ছাত্রত্ব সনদ ও নিজ বিভাগের সুপারিশ পত্র, গবেষণা প্রস্তাবনা ফরম (সর্বোচ্চ ১০০০ শব্দ) প্রেরণ করতে হবে।

**২। ফেলোশিপের সময় সীমা/ মেয়াদ:** সর্বোচ্চ ৬ মাস

CamScanner

৩। ফেলোশিপের বিষয় বা ক্ষেত্রসমূহ:

i. Spatial planning
ii. Human settlement and development.
iii. Housing and urban development.
iv. Existing land use and land use change.
v. Rural and regional development.
vi. Infrastructure development planning.
vii. Impact of climate change and adaptation.
viii. Traffic and transportation system and management.
ix. Urban poverty.
x. Sustainable urban planning.
xi. Conservation of heritage and culture in urban planning.
xii. Urban design and conservation.
xiii. Site and area planning
xiv. Planning of utility & municipal services.
xv. Planning of tourism & recreational facilities.
xvi. Landscape planning and design.
xvii. Disaster risk reduction and development planning.
xviii. Impact analysis of previous research/project.
xix. Urban policy and public affairs

Any other topics related to urban/rural and regional planning.

কর্তৃপক্ষ প্রয়োজন অনুসারে বিষয়সমূহ পরিবর্তন, পরিবর্ধন, সংযোজন ও বিয়োজন করতে পারবে।

**৪। আবেদন পত্র জমাদানের শেষ তারিখ:** ১৫ এপ্রিল ২০২৬

**৫। আবেদন পদ্ধতি ও ফেলো বাছাই পদ্ধতি:** রিসার্চ ফেলোশিপ আবেদনের ফরম ও গবেষণা প্রস্তাবনা ফরম প্রতিষ্ঠানের ওয়েবসাইট (www.udd.gov.bd) থেকে সংগ্রহ করা যাবে। পূরণকৃত আবেদন ফরম, প্রয়োজনীয় প্রাতিষ্ঠানিক সনদ, থিসিস পেপার/ কনফারেন্স পেপার/ রিসার্চ পেপার/ গবেষণা কর্মের অনুলিপি/ স্নাতক অধ্যয়নরত শিক্ষার্থীদের ক্ষেত্রে ছাত্রত্ব সনদ ও নিজ বিভাগের সুপারিশ পত্র ও গবেষণা প্রস্তাবনা ফরম ডাকযোগে/ কুরিয়ারের মাধ্যমে পরিচালক, নগর উন্নয়ন অধিদপ্তর, ৮২ সেগুনবাগিচা, ঢাকা-১০০০ বরাবর পাঠাতে হবে। খামের উপরে **"ফেলোশিপ ক্যাটাগরি"** উল্লেখ করতে হবে।

আবেদনকারীদের মধ্য হতে ফেলোশিপ বাছাই কমিটি কর্তৃক সুপারিশের মাধ্যমে ও গবেষণা খাতের প্রয়োজনীয় বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে ফেলোশিপ প্রদান করা হবে।

CamScanner

৬। ফেলোশিপের সময়সীমা উত্তীর্ণ হওয়ার পূর্বে কর্তৃপক্ষের অনুমতি ব্যতিরেকে ফেলোশিপ পরিত্যাগ করলে/ চূড়ান্ত প্রতিবেদন জমা না দিলে অথবা ফেলোশিপ সংক্রান্ত নিয়ম-কানুন মেনে চলতে ব্যর্থ হলে ফেলোশিপ বাবদ ব্যয়কৃত সমুদয় অর্থ কর্তৃপক্ষকে ফেরত দিতে হবে। ফেলোশিপ প্রদানের সময় রিসার্চ ফেলো নগর উন্নয়ন অধিদপ্তরের নিকট অঙ্গীকারনামা দাখিল করতে হবে।

৭। দুই বা ততোধিক প্রার্থী দলগতভাবে গবেষণা করতে পারবে। এক্ষেত্রে সকল ফেলো পদ অনুযায়ী নির্ধারিত হারে ভাতা প্রাপ্য হবেন।

৮। প্রতি মাসে বা নির্ধারিত সময়ে রিসার্চ ফেলো সংশ্লিষ্ট সুপারভাইজারের মন্তব্যসহ ওয়ার্কপ্ল্যান অনুযায়ী অগ্রগতি প্রতিবেদন কর্তৃপক্ষের নিকট দাখিল করবেন। সন্তোষজনক গবেষণা অগ্রগতি প্রতিবেদন জমাদান সাপেক্ষে মাসিক ভাতা প্রাপ্য হবেন।

৯। গবেষণা সম্পন্ন করার পর ফেলোশিপ মূল্যায়ন কমিটির নিকট গবেষণালব্ধ ফলাফলের উপর একটি Powerpoint Presentation করতে হবে।

বিঃদ্রঃ * উক্ত ফেলোশিপ সম্পূর্ণ অস্থায়ী ও চুক্তিভিত্তিক।
* কর্মস্থলঃ কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত বাংলাদেশের যে কোন স্থান।
* ফেলোশিপ সংক্রান্ত সকল বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত হিসেবে গণ্য হবে।

১৫/৩/২৬

মকিসুদ হাসেম
উপ-পরিচালক (গবেষণা ও সমন্বয়) অতিরিক্ত দায়িত্ব
২২৩৩৮৪৯৪৫
নগর উন্নয়ন অধিদপ্তর
৮২, সেগুনবাগিচা ঢাকা।

CamScanner